**AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date: 31.07.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ঝাড়খন্ডের চক্রধরপুর ডিভিশনে মুম্বইমুখী হাওড়া সিএসএমটি এক্সপ্রেসে গতকালের দুর্ঘটনার পর যুদ্ধাকালীন তৎপরতায় মেরামতির কাজ চলেছে।

আজ থেকেই রেল পরিষেবা শুরু করা আবার সম্ভব হবে বলে আশা করা হচ্ছে।

এই দুর্ঘটনার জেরে শনিবার পর্যন্ত দক্ষিণ পূর্বে রেলের ৭৬ টি ট্রেন বাতিল করা হয়েছে।

২) কলকাতা মেট্রোর অরেঞ্জ লাইনে ৫ ই আগস্ট থেকে ট্রেন পরিষেবা বাড়ছে।

৩) মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে টালিগঞ্জ স্টুডিও পাড়ার জট আপাতত কাটলো। আজ থেকেই ফের শুটিং শুরু হতে চলেছে।

৪) পলিটেকনিক পরীক্ষায় প্রতারণার অভিযোগে সিআইডির একটি দল অন্যতম মূলচক্রী নাদির মন্ডলকে গ্রেপ্তার করেছে।

৫) ইস্টবেঙ্গল ক্লাবের ১০৫ তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান হবে আগামীকাল ক্ষুদীরাম অনুশীলন কেন্দ্রে।

---

ঝাড়খণ্ডের চক্রধরপুর ডিভিশনে মুম্বইমুখী হাওড়া সিএসএমটি এক্সপ্রেসে গতকালের দুর্ঘটনার পর যুদ্ধাকালীন তৎপরতায় মেরামতির কাজ চলেছে। দুর্ঘটনাগ্রস্ত ট্রেনটির লাইনচ্যুত ১৮ টি কামরা রেললাইন থেকে সরানো হচ্ছে। দুর্ঘটনার প্রেক্ষিতে পূর্ব মধ্য রেলের ঐ শাখায় গতকাল থেকেই ট্রেন চলাচল ব্যাহত। আজকের মধ্যেই মেরামতি ও উদ্ধারের কাজ শেষ করে রেল পরিষেবা আবার শুরু করা সম্ভব হবে বলে দক্ষিণ পূর্ব রেলের জেনারেল ম্যানেজার অনিল কুমার মিশ্র জানিয়েছেন।

উল্লেখ্য গতকাল বরাবাম্বু ও খারসোয়া স্টেশনের মধ্যবর্তী পোটোবেদা গ্রামের কাছে হাওড়া মুম্বই মেলের ২২ টি কোচের মধ্যে ১৮ টি লাইনচ্যুত হয়। এতে মৃত্যু হয় দুজনের। রেলের পক্ষ থেকে নিহতদের পরিবার পিছু ১০ লক্ষ টাকা করে দেওয়া হয়েছে। এছাড়া গুরুতর আহতদের ৫ লক্ষ এবং অল্প আহতদের এক লক্ষ টাকা করে দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে।

অন্যদিকে, ট্রেন দুর্ঘটনার জেরে শনিবার তেসরা আগস্ট পর্যন্ত দক্ষিণ পূর্ব রেলের ৭৬টি ট্রেন বাতিল করা হয়েছে। এছাড়া, ১১ টি ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত ও ২৮টি ট্রেনকে ঘুরপথে চালানো হবে বলে রেল সূত্রে জানা  গেছে।

বাতিল হওয়া ট্রেনগুলির মধ্যে রয়েছে হাওড়া-মুম্বই দুরন্ত, হাওড়া–তিতলাগড় ইস্পাত, টাটানগর-ইটওয়ারি এক্সপ্রেস, হাওড়া-যশবন্তপুর স্পেশাল, গোমো-চক্রধরপুর এক্সপ্রেস, কান্তাবাঞ্জি-হাওড়া এক্সপ্রেস, চক্রধরপুর-টাটানগর স্পেশাল, রৌরকেল্লা-টাটানগর স্পেশাল, শালিমার-মুম্বই, হাওড়া-চক্রধরপুর, সাঁতরাগাছি-নান্দেদ, টাটানগর-হাতিয়া ও ঝাড়গ্রাম-ধানবাদ এক্সপ্রেস ইত্যাদি।

------------------------

প্রতিদিন ভোরের আপ শিয়ালদা লোকালগুলি নির্ধারিত সময়ের থেকে দেরিতে ছাড়ে, ফলে কাজে পৌঁছতে দেরী হয় নিত্যযাত্রীদের - এই অভিযোগে আজ সকাল সাড়ে পাঁচটা থেকে ডায়মন্ড হারবার স্টেশনে বিক্ষোভ দেখাচ্ছেন শতাধিক যাত্রী। লাইনের ওপর বসে চলছে এই বিক্ষোভ। জিআরপি ও রেল কর্তৃপক্ষ বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলছেন, কিন্তু তারা অনড়। ২ ঘণ্টারও বেশী সময় ধরে চলা এই বিক্ষোভ – অবরোধের জেরে বন্ধ ট্রেন চলাচল।

------------------------

কলকাতা মেট্রো রেলের অরেঞ্জ লাইনে আগামী সোমবার, ৫ ই আগস্ট থেকে ট্রেন পরিষেবা বাড়ছে। যাত্রীদের সুবিধার কথা বিবেচনা করে ওই দিন থেকে গড়িয়া ও রুবি মোড়, অর্থাৎ কবি সুভাষ ও হেমন্ত মুখোপাধ্যায় স্টেশনের মধ্যে সকাল ৮ টা থেকে রাত ৮ টা পর্যন্ত ৩৭ টি আপ ও ৩৭ টি ডাউন মিলিয়ে মোট ৭৪ টি ট্রেন চালানো হবে বলে কলকাতা মেট্রো রেলের মুখ্য জন সংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

বাইট

------------------------

**১৫ বছরের বেশি বেসরকারি বাস মিনিবাস বাতিলের প্রতিবাদে ৫ টি বেসরকারি বাস মালিক সংগঠন গতকাল কলকাতার হাজরা মোড়ে এক সমাবেশ করে।** Joint Council of Bus Syndicates, Bengal Bus Syndicate, Minibus Operators Co-Ordination **কমিটি**, West Bengal Bus and Minibus Onwer's

Association , Inter and Intre Region Bus Association এর প্রতিনিধিরা অন্ততঃ ২'বছর সংশ্লিশট গাড়ির মেয়াদ বৃদ্ধির দাবী জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির হস্তক্ষেপ চান।

উল্লেখ্য, কলকাতা হাই কোর্টের নির্দেশে কলকাতার রাস্তায় ১৫ বছরের পুরনো বাস-মিনি বাস চলতে পারবে না। সেই অনুসারে আগামীকাল অর্থাত্ পয়লা আগস্ট থেকে শহর ও শহরতলী এলাকায় ধাপে ধাপে বেশ কিছু গাড়ি বাতিল হওয়ার কথা।

------------------------

নতুন দিল্লীতে রাজ্যপালদের দুদিনের সম্মেলন বসতে চলেছে। রাষ্ট্রপতি ভবনে এর পৌরোহিত্য করবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুরমু। তাঁর পৌরোহিত্যে এই প্রথম রাজ্যপালদের সম্মেলন হতে চলেছে।

নতুন তিনটি ফৌজদারি আইন, উচ্চশিক্ষা ক্ষেত্রে সংস্কার, বিশ্ববিদ্যালয়গুলির স্বীকৃতি এবং কেন্দ্রীয় এজেন্সি ও রাজ্যগুলির মধ্যে সুসংহত সমন্বয়ের ক্ষেত্রে রাজ্যপালের ভূমিকার মত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে সম্মেলনে আলোচনায হওয়ার কথা। বিভিন্ন রাজ্যের রাজ্যপালরা ছাড়াও এই সম্মেলনে উপস্থিত থাকবেন উপরাষ্ট্রপতি জগদীপ ধান খড় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী।

------------------------

বাংলা ভাগের চেষ্টার অভিযোগ করে তার বিরোধিতায় সরকার পক্ষের আনা প্রস্তাবের উপর রাজ্য বিধানসভায় আগামী সোমবার আলোচনা হবে। কার্য উপদেষ্টা

কমিটির বৈঠকে গতকাল এই সিদ্ধান্ত গৃহীত হয়। প্রথমার্ধে দু'ঘণ্টা এ বিষয়ে আলোচনা হবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও আলোচনায় অংশ নেবেন বলে তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দলের সূত্রে জানা গেছে। পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় এপ্রসঙ্গে বলেন, এরাজ্যের মানুষ বিজেপিকে বারবার ভোটে প্রত্যাখ্যান করায়, রাজ্যকে দুর্বল করতে বাংলা ভাগের চক্রান্ত করা হচ্ছে। এই প্রস্তাব আনার উদ্দেশ্য, বাংলার মানুষকে বার্তা দেওয়া। যাতে এই চক্রান্তের বিরুদ্ধে সবাই এক হতে পারে।

এদিকে, বিজেপি অভিযোগ করেছে, মন্ত্রী ফিরহাদ হাকিমের মন্তব্য আড়াল করতেই সোমবার বঙ্গভঙ্গ নিয়ে বিধানসভায় এই আলোচনা রাখা হয়েছে। তবে, বাংলা কোনোভাবেই ভাগ হতে দেওয়া হবেনা বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়েছেন।

------------------------

রাজ্যে শিল্পে বিনিয়োগের সম্ভাবনা নিয়ে শিল্প গোষ্ঠী আদিত্য বিড়লা সংস্থার চেয়ারম্যান কুমারমঙ্গলম বিড়লা গতকাল নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বেশ কিছুক্ষণ তাদের মধ্যে কথা হয়। পরে মুখ্যমন্ত্রী নিজের এক্স হ্যান্ডেলে জানান, শ্রী বিড়লা রাজ্যে সিমেন্ট এবং রং তৈরির জন্য তিনি পাঁচ হাজার কোটি টাকা বিনিয়োগ করতে চলেছেন। পাশাপাশি শহরে বিশ্বমানের একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার জন্যেও তিনি বিনিয়োগ করবেন বলেও জানিয়েছেন। এইজন্যে রাজ্যের তরফে তাকে সব ধরনের সহায়তার আশ্বাস দেন মুখ্যমন্ত্রী।

------------------------

মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে টালিগঞ্জ স্টুডিও পাড়ার জট আপাতত কাটলো। আজ থেকেই ফের শুটিং শুরু হবে বলে বিবদমান দু পক্ষই জানিয়েছে। পরিচালক কলাকুশলী সংঘাতে অচলাবস্থার জেরে সোমবার থেকে পুরোপুরি বন্ধ হয়ে যায় সিনেমা, সিরিয়াল এবং ওটিটির শুটিং। পরিচালক রাহুল মুখোপাধ্যায়কে বয়কটের প্রশ্নে অনড় অবস্থান নেয় টেকনিশিয়ানদের ফেডারেশন।

অন্যদিকে রাহুলের পাশে দাঁড়ান পরিচালক, প্রযোজক ও অভিনেতারা। শেষ পর্যন্ত গতকাল নবান্নে গিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করেন অভিনেতা দেব ও প্রসেনজিৎ এবং পরিচালক গৌতম ঘোষ। মিনিট ৪০ তাঁদের মধ্যে কথা হওয়ার পরই জট কাটে। সূত্রের খবর, কাউকে বয়কট করা যাবে না বলে কড়া বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি তিনি এও জানিয়েছেন, শুটিং সংক্রান্ত পুরোনো নিয়ম কানুন খতিয়ে দেখতে কমিটি গড়া হবে।

-----------------------

পলিটেকনিক পরীক্ষায় প্রতারণার অভিযোগে সিআইডির একটি দল অন্যতম মূলচক্রী নাদির মন্ডলকে গ্রেপ্তার করেছে। তাকে আজ আদালতে তোলা হবে। বিধাননগর সাইবার থানা সূত্রে জানা গেছে, নাদির We are WBSCTE-IANS নামে একটি টেলিগ্রাম গ্রুপ খুলেছিল। নিজের পরিচয় গোপন করে গ্রুপের ১৮,০০০ এর বেশী সদস্যকে বিভিন্ন শাখার প্রশ্ন ও সেই উত্তর পাঠাত নাদির। দীর্ঘ তল্লাশির পর গতকাল তার খোঁজ মেলে।

-----------------------

রেশন বন্টন দুর্নীতি মামলায় ইডি রাজারহাট ও দুই ২৪ পরগনার একাধিক জায়গায় একযোগে তল্লাশি চালায়। গতকাল সকাল থেকে এই তল্লাশি অভিযান শুরু হয়েছে। বেশ কয়েকটি জায়গায় এখনও অভিযান চলেছে বলে ইডি সূত্রে জানা গেছে। যেসব জায়গায় এই অভিযান চালানো হয়েছে তার মধ্যে রয়েছে, উত্তর ২৪ পরগণার বসিরহাটের সংগ্রামপুরে প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ঠ আব্দুল বারিক বিশ্বাসের প্রাসাদোপম বাড়ি, তার বাড়ির পাশে রাইসমিল, দেগঙ্গায় বারিকের ঘনিষ্ঠ আরিফ নূরের বাড়ি ও চালকল। বারিকের রাজারহাটের দুটি ফ্ল্যাটে অবশ্য তল্লাশি অভিযান শেষ হয়েছে।

অন্যদিকে, দক্ষিণ ২৪ পরগনার ভাঙরে ব্যবসায়ী জাহাঙ্গীর আলমের জিপি এগ্রো ফুড প্রোডাক্টস প্রাইভেট লিমিটেডে কেন্দ্রীয় সংস্থার আধিকারিকরা তল্লাশি চালান।

-----------------------

রাজ্যের খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন শিল্পকে উৎসাহ দিতে রাজ্য সরকার বিশেষ উদ্যোগ নিচ্ছে। আগামী মাসে কলকাতায় এ রাজ্যে উৎপাদিত ফল-ফুল, সবজি নিয়ে উৎসবের আয়োজন করা হবে। খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন দফতরের উদ্যোগে আগামী ৯ আগস্ট থেকে ১১ অগস্ট পর্যন্ত নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এই ‘ফুড অ্যান্ড ফ্রুট ফেস্টিভ্যালে’র আয়োজন করা হবে। খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধি ও কর্মসংস্থান তৈরিই এই উৎসবের লক্ষ্য। ওই উৎসবের সঙ্গে দু’দিনের শিল্প সম্মেলনের আয়োজন করা হচ্ছে। খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন শিল্পের সম্ভাবনার দিকগুলি তুলে ধরতে প্রদর্শনীরও আয়োজন করা হবে।

-----------------------

বাংলা ডেয়ারি দুধের দাম বাড়ল। এক লিটার সুপ্রিম ব্র্যান্ডের দুধের দাম ১ টাকা বেড়ে হয়েছে ৫৩ টাকা, ‘প্রাণসুধা’ ব্র্যান্ডের দুধের দাম ৪৯ টাকা। এ ছাড়া লিটার প্রতি ‘স্বাস্থ্যসাথী’ ব্র্যান্ডের ডাবল টোনড দুধ ৪৩ টাকা, ।

উল্লেখ্য, ২০ জুলাই থেকে এই দাম কার্যকর হয়েছে। উৎপাদনের প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধির কারণে দুধের এই দাম বাড়াতে হয়েছে, বলে প্রাণীসম্পদ দপ্তর সূত্রে জানা গেছে।

---------------------------

ইস্টবেঙ্গল ক্লাবের ১০৫ তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠান হবে আগামীকাল ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে। এবার ভারতের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে ভারত গৌরব সম্মান প্রদান করা হবে। বাংলার গৌরব সম্মান পাবেন ক্রিকেটার মহম্মদ সামি। দুই প্রাক্তন ফুটবলার রঞ্জিত মুখার্জি ও প্রশান্ত ব্যানার্জীকে দেওয়া হবে জীবন কৃতি সম্মান। বছরের সেরা ফুটবলারের পুরস্কার পাচ্ছেন নন্দকুমার সেকার। প্রভু সুকন সিং গিল উদীয়মান ফুটবলারের পুরস্কার পাবেন।

---------------------------

উত্তরদিনাজপুর জেলার করণদিঘী ব্লকের খুদুরগাছি এলাকায় একটি সোনার দোকানে গতকাল গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে কমপক্ষে ২০ থেকে ২৫ জন আহত হয়েছেন। এদের মধ্যে কয়েকজনের অবস্থা খুবই গুরুতর। তাদের রায়গঞ্জ হাসপাতাল ও পূর্ণিয়া হাসপাতালে পাঠানো হয়েছে। গতকাল সন্ধ্যা নাগাদ এই দুর্ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

------------------------

পূর্ব বর্ধমানের আউশগ্রাম থানার বনপাশ-বেলাড়ী গ্রামে একটি রাইসমিলের মধ্যে রান্না করতে গিয়ে গ্যাস লিক করে ১ মহিলা সহ চারজন অগ্নিদগ্ধ হয়েছেন। তাদের বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতো রান্না  করতে যান রাধুনী। ওভেন অন করতেই গ্যাস লিক করছে বুঝতে পেরে তিনি রাইসমিলেরই কয়েকজনকে ডাকেন। তারা এসে সামান্য লিক বলে আশ্বস্ত করায় রান্না শুরু করলে হঠাৎই আগুন ছড়িয়ে পরে।

------------------------

দাবী মত টাকা দিতে না পারায় কোচবিহারের দিনহাটার ভেটাগুড়িতে এক গৃহবধূকে মারধর করে মাথার চুল কেটে নেওয়ার অভিযোগ উঠেছে তাঁর স্বামী ও শ্বশুরবাড়ির লোকেদের বিরুদ্ধে।

২২ শে জুলাই-এর ওই ঘটনার পর মহিলা গুরুতর অসুস্থ হয়ে পড়লে, তাঁকে দিনহাটা মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। ছাড়া পাওয়ার পর তিনি দুই সন্তান সহ বাপের বাড়িতে আশ্রয় নিয়েছেন। অভিযোগ দায়ের করেছেন দিনহাটা থানাতেও। ঘটনার পর থেকে স্বামী সহ শ্বশুরবাড়ির লোকজন পলাতক।

------------------------------------------------